## প্রজ্ঞাপন

তারিখ, ০২ মাঘ ১৪১৫ বঙ্গাব্দ/১৫ জানুয়ারি ২০০৯ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং ০৮-আইন/২০০৯।**—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নে তফসিল-ক তে বর্ণিত কর্পোরেট সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে, নিম্নে তফসিল-খ তে বর্ণিত শর্তাবলী সাপেক্ষে, কোন কর্পোরেট প্রতিষ্ঠানকে তৎকর্তৃক বিনিয়োজিত প্রকৃত অর্থের বা খরচের ১০% হারে আয়কর রেয়াত প্রদান করিল, যথাঃ-

### তফসিল-ক
### (কর্পোরেট সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রসমূহ)

(১) বিশুদ্ধ পানি ব্যবস্থাপনা,
(২) বনায়ন,
(৩) নগরীর শোভা/সৌন্দর্য বর্ধন,
(৪) বর্জ্য ব্যবস্থাপনা,
(৫) বৃদ্ধ নিবাস (Old Home) প্রতিষ্ঠা ও পরিচালনা,
(৬) HIV-AIDS-এর বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কর্মরত সংস্থাসমূহে প্রদত্ত চাঁদা,
(৭) মানসিক বা শারীরিক প্রতিবন্ধীদের কল্যাণে নিয়োজিত সামাজিক সংস্থাকে প্রদত্ত চাঁদা,
(৮) নারী অধিকার ও যৌতুক বিরোধী প্রচারণায় নিয়োজিত সামাজিক প্রতিষ্ঠানে প্রদত্ত চাঁদা,
(৯) পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রদত্ত অনুদান,
(১০) ঠোঁট কাটা, ছানি পড়া, ক্যান্সার, কুষ্ঠ রোগ নিরাময়ে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান,
(১১) এসিড আক্রান্তদের চিকিৎসা সেবায় নিয়োজিত ব্যক্তি/প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান,
(১২) সরকার কর্তৃক অনুমোদিত ছিন্নমূল শিশুদের শিক্ষার উদ্দেশ্যে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানকে প্রদত্ত অনুদান,
(১৩) প্রাকৃতিক দুর্যোগ যেমন-ঘূর্ণিঝড়, ভূমিকম্প, জলোচ্ছ্বাস, হারিকেন এর ফলে ক্ষতিগ্রস্ত এলাকার জনদুর্ভোগ লাঘবের উদ্দেশ্যে সরকারি কোন প্রতিষ্ঠানের মাধ্যমে প্রদত্ত অনুদান,

(১৪) দরিদ্র মেধাসম্পন্ন ছাত্র-ছাত্রীদের কারিগরি ও বৃত্তিমূলক (Technical & Vocational) শিক্ষা প্রসারের উদ্দেশ্যে সরকার কর্তৃক স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যয়িত অর্থ, এবং

(১৫) সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠানের মাধ্যমে মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য উচ্চ শিক্ষা সহায়তায় প্রদত্ত বিশেষ অর্থ সাহায্য।

## তফসিল-খ

## (আয়কর রেয়াতের শর্তাবলী)

(১) যে সকল কর্পোরেট প্রতিষ্ঠান সামাজিক দায়িত্ব পালনের মাধ্যমে কর রেয়াত গ্রহণ করিতে আগ্রহী বা উৎসাহী হইবে সেই সকল প্রতিষ্ঠান–

(ক) এ কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের মানসম্মত বেতন কাঠামো এবং প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুইটি ফান্ড, ওয়ার্কার্স পার্টিসিপেশন ফান্ড, ওয়েলফেয়ার ফান্ড এর বিধান বিদ্যমান থাকিতে হইবে;

(খ) এর কোন কর্মকর্তা বা কর্মচারী দুর্ঘটনায় পতিত হইলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক দ্রুত চিকিৎসা ও ক্ষতিপূরণের ব্যবস্থা থাকিতে হইবে;

(গ) এ কোন শিশু শ্রমিককে নিয়োগ দেওয়া বা কোনভাবে কোন কাজে নিয়োজিত করা যাইবে না;

(ঘ) এর কল-কারখানায় বিশেষতঃ শিল্পজাত পণ্য উৎপাদন করা হইলে বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট (Waste Treatment Plant) এর ব্যবস্থা থাকিতে হইবে; এবং

(ঙ) কর্তৃক নিয়মিতভাবে আয়কর, ভ্যাট ও শুল্ক পরিশোধ করিতে হইবে।

(২) কোন কর্পোরেট প্রতিষ্ঠান কর্তৃক সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে ব্যয়িত অর্থ বা খরচকে উহার উৎপাদন হিসাব, বাণিজ্যিক হিসাব অথবা লাভ-ক্ষতি হিসাবে অনুমোদনযোগ্য খরচ মর্মে বিবেচনা করা যাইবে না।

(৩) কর্পোরেট প্রতিষ্ঠান সম্পর্কিত দায়িত্ব পালনের ক্ষেত্রে দাবীকৃত অর্থ প্রকৃতপক্ষে খরচ হইয়াছে কিনা তৎসম্পর্কে সংশ্লিষ্ট উপ-কর কমিশনার এর নিকট প্রয়োজনীয় প্রমাণাদি দাখিল করিতে হইবে।

Bangladesh Tax Unda
www.kdroy.com.bd/www.ltr...

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**মোঃ এমদাদুল হক**

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

## প্রজ্ঞাপন

তারিখ: ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১০ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ২৭০-আইন/আয়কর/২০১০।**—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ০২ মাঘ, ১৪১৫ বঙ্গাব্দ/১৫ জানুয়ারি, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও নং ০৮-আইন/২০০৯ রহিতক্রমে নিম্নবর্ণিত তফসিল-খ তে উল্লিখিত কর্পোরেট সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে, নিম্নবর্ণিত তফসিল-ক তে উল্লিখিত শর্তাবলী সাপেক্ষে, কোন কোম্পানীকে তৎকর্তৃক বিনিয়োজিত প্রকৃত অর্থের বা খরচের ১০% হারে আয়কর রেয়াত প্রদান করিল, যথা:-

### তফসিল-ক

(আয়কর রেয়াতের শর্তাবলী)

(১) যে সকল কোম্পানী কর্পোরেট প্রতিষ্ঠান হিসাবে সামাজিক দায়িত্ব পালনের মাধ্যমে কর রেয়াত গ্রহণ করিতে আগ্রহী বা উৎসাহী হইবে, সেই সকল প্রতিষ্ঠান-

(ক) এ কর্মরত কর্মকর্তা-কর্মচারীদেরকে নিয়মিত বেতন-ভাতা পরিশোধ করিতে হইবে এবং উক্ত প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কল-কারখানায় বিশেষতঃ শিল্পজাত পণ্য উৎপাদন করা হইলে বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট (waste treatment plant) এর ব্যবস্থা থাকিতে হইবে;

(খ) কর্তৃক নিয়মিতভাবে আয়কর, ভ্যাট ও শুল্ক এবং প্রাতিষ্ঠানিক ঋণ পরিশোধ করিতে হইবে;

(গ) কেবল সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠানকে CSR এর আওতায় অনুদান/অর্থ প্রদান করিতে পারিবে; এবং

(ঘ) শ্রম আইনের বিদ্যমান সকল বিধান পরিপালন করিবে।

(২) কোন কর্পোরেট প্রতিষ্ঠান কর্তৃক সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে ব্যয়িত অর্থ বা খরচকে উহার উৎপাদন হিসাব, বাণিজ্যিক হিসাব অথবা লাভ-ক্ষতি হিসাবে অনুমোদনযোগ্য খরচ মর্মে বিবেচনা করা যাইবে না।

(৩) কোন কর্পোরেট প্রতিষ্ঠান কর্তৃক সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে দাবীকৃত অর্থ প্রকৃতপক্ষে খরচ হইয়াছে কিনা তৎসম্পর্কে সংশ্লিষ্ট উপ-কর কমিশনার এর নিকট প্রয়োজনীয় তথ্য প্রমাণাদি দাখিল করিতে হইবে।

(৪) কোন কর্পোরেট প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত CSR কর্ম পরিকল্পনা জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করতঃ এতদ্‌সংশ্লিষ্ট আয়কর রেয়াত সনদ গ্রহণ করিতে হইবে।

## তফসিল-খ

(কর্পোরেট সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রসমূহ)

(১) বিশুদ্ধ পানি ব্যবস্থাপনা কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(২) বনায়ন কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(৩) নগরীর শোভা/সৌন্দর্য বর্ধনে কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(৪) বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(৫) প্রাকৃতিক দুর্যোগ যেমন-ঘূর্ণিঝড়, ভূমিকম্প, জলোচ্ছ্বাস, প্লাবন এর ফলে ক্ষতিগ্রস্ত এলাকার জন দুর্ভোগ লাঘবের উদ্দেশ্যে সরকারি কোন প্রতিষ্ঠানের মাধ্যমে প্রদত্ত অনুদান;

(৬) বৃদ্ধ নিবাস (old home) প্রতিষ্ঠা ও পরিচালনা কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(৭) মানসিক বা শারীরিক প্রতিবন্ধীদের কল্যাণে নিয়োজিত কোন সামাজিক সংস্থাকে প্রদত্ত অনুদান;

(৮) ছিন্নমূল শিশুদের শিক্ষার উদ্দেশ্যে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানকে প্রদত্ত অনুদান;

(৯) বস্তিবাসীদের আবাসন প্রকল্পে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১০) নারী অধিকার ও যৌতুক বিরোধী প্রচারণায় নিয়োজিত সামাজিক প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১১) এতীম/ছিন্নমূল শিশুদের ভরণপোষণ ও পূনর্বাসনে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১২) মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা, মুক্তিযুদ্ধের চেতনা পুনরুদ্ধার ও প্রসারে নিয়োজিত এবং মুক্তিযোদ্ধাদের সম্মানজনক জীবনধারণে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১৩) পার্বত্য চট্টগ্রাম, চরাঞ্চল, নদীভাঙ্গন এলাকায় স্বাস্থ্যসম্মত পয়ঃনিস্কাশন কাজে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১৪) ঠোঁট কাটা, ছানি পড়া, ক্যান্সার, কুষ্ঠ রোগ নিরাময়ে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১৫) এসিড আক্রান্তদের চিকিৎসা সেবায় নিয়োজিত ব্যক্তি/প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১৬) গরীব রোগীদের বিনামূল্যে চিকিৎসা সুবিধা প্রদান ও চিকিৎসার মান উন্নয়নের জন্য বিশেষায়িত হাসপাতাল যেমন- ক্যান্সার, লিভার, কিডনী, থ্যালাসেমিয়া, চক্ষু ও কার্ডিও, এ প্রদত্ত অনুদান;

(১৭) জনসংখ্যা সমস্যা সমাধানার্থে জন্মনিয়ন্ত্রণ সামগ্রী ব্যবহারকারী পর্যায়ে বিনামূল্যে বিতরণকারী প্রতিষ্ঠানে এবং স্বেচ্ছা বন্ধ্যাকরণ ক্যাম্প পরিচালনায় প্রদত্ত অনুদান;

(১৮) পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রদত্ত অনুদান;

(১৯) মেধাসম্পন্ন দরিদ্র ছাত্র-ছাত্রীদের কারিগরি ও বৃত্তিমূলক (technical & vocational) শিক্ষা প্রসারের উদ্দেশ্যে সরকার কর্তৃক স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(২০) কম্পিউটার বা তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানার্থে ল্যাব স্থাপন বা ইংরেজি শিক্ষা কর্মসূচী বাস্তবায়নে সরকারি বা এমপিওভুক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(২১) জনশক্তি রপ্তানির জন্য অদক্ষ ও আধা-দক্ষ শ্রমিককে কারিগরী ও vocational training প্রদানকারী প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান; এবং

(২২) জাতীয় পর্যায়ে খেলাধূলার অবকাঠামো উন্নয়ন বা প্রশিক্ষণ প্রদানে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আমিনুর রহমান

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

তারিখ: ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ২২৯-আইন/আয়কর/২০১১।**—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১০ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৭০-আইন/আয়কর/২০১০ রহিতক্রমে, নিম্নবর্ণিত তফসিল-ক তে উল্লিখিত শর্তাবলী সাপেক্ষে, নিম্নবর্ণিত তফসিল-খ তে উল্লিখিত কর্পোরেট সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে, কোন কোম্পানীকে তৎকর্তৃক বিনিয়োজিত প্রকৃত অর্থের বা খরচের ১০% হারে আয়কর রেয়াত প্রদান করিল, যথা:-

## তফসিল-ক

(আয়কর রেয়াতের শর্তাবলী)

(১) কোম্পানীর মোট আয়ের ২০% বা ৮ (আট) কোটি টাকা এর মধ্যে যেটি কম সেই অংকের অধিক ব্যয়িত অর্থের ক্ষেত্রে এই আয়কর রেয়াত প্রযোজ্য হইবে না।

(২) যে সকল কোম্পানী কর্পোরেট প্রতিষ্ঠান হিসাবে সামাজিক দায়িত্ব পালনের মাধ্যমে কর রেয়াত গ্রহণ করিতে আগ্রহী বা উৎসাহী হইবে, সেই সকল প্রতিষ্ঠান-

(ক) উহাতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদেরকে নিয়মিত বেতন–ভাতা পরিশোধ করিতে হইবে এবং উক্ত প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কল-কারখানায় বিশেষতঃ শিল্পজাত পণ্য উৎপাদন করা হইলে বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট (waste treatment plant) এর ব্যবস্থা থাকিতে হইবে;

(খ) কর্তৃক নিয়মিতভাবে আয়কর, ভ্যাট ও শুল্ক এবং প্রাতিষ্ঠানিক ঋণ পরিশোধ করিতে হইবে;

(গ) কেবলমাত্র সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠানকে Corporate Social Responsibility (CSR) এর আওতায় অনুদান বা অর্থ প্রদান করিতে পারিবে; এবং

(ঘ) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এ বিদ্যমান সকল বিধান পরিপালন করিবে।

(৩) কোন কোম্পানী কর্তৃক সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে ব্যয়িত অর্থ বা খরচকে উহার উৎপাদন হিসাব, বাণিজ্যিক হিসাব অথবা লাভ-ক্ষতি হিসাবে অনুমোদনযোগ্য খরচ মর্মে বিবেচনা করা যাইবে না।

(৪) কোন কোম্পানী কর্তৃক সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে দাবীকৃত অর্থ প্রকৃতপক্ষে খরচ হইয়াছে কিনা তৎসম্পর্কে সংশ্লিষ্ট উপ-কর কমিশনার এর নিকট প্রয়োজনীয় তথ্য প্রমাণাদি দাখিল করিতে হইবে।

(৫) কোন কোম্পানী কর্তৃক গৃহীত CSR কর্ম-পরিকল্পনা জাতীয় রাজস্ব বোর্ডকে লিখিতভাবে অবহিতকরণপূর্বক এতদ্‌সংশ্লিষ্ট আয়কর রেয়াত সনদ গ্রহণ করিতে হইবে।

## তফসিল-খ

(কর্পোরেট সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রসমূহ)

(১) প্রাকৃতিক দুর্যোগ যেমন-ঘূর্ণিঝড়, ভূমিকম্প, জলোচ্ছ্বাস ও প্লাবন এর ফলে ক্ষতিগ্রস্ত এলাকার জন দুর্ভোগ লাঘবের উদ্দেশ্যে সরকারি কোন প্রতিষ্ঠানের মাধ্যমে প্রদত্ত অনুদান;

(২) বৃদ্ধ নিবাস (old home) প্রতিষ্ঠা ও পরিচালনা কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(৩) মানসিক বা শারীরিক প্রতিবন্ধীদের কল্যাণে নিয়োজিত কোন সামাজিক সংস্থাকে প্রদত্ত অনুদান;

(৪) ছিন্নমূল শিশুদের শিক্ষার উদ্দেশ্যে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানকে প্রদত্ত অনুদান;

(৫) বস্তিবাসীদের আবাসন প্রকল্পে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(৬) নারী অধিকার ও যৌতুক বিরোধী প্রচারণায় নিয়োজিত সামাজিক প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(৭) এতিম ও ছিন্নমূল শিশুদের ভরণপোষণ ও পুনর্বাসনে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(৮) মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা, মুক্তিযুদ্ধের চেতনা পুনরুদ্ধার ও প্রসারে নিয়োজিত এবং মুক্তিযোদ্ধাদের সম্মানজনক জীবনধারণে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(৯) পার্বত্য চট্টগ্রাম, চরাঞ্চল, নদীভাঙ্গন এলাকায় স্বাস্থ্যসম্মত পয়ঃনিষ্কাশন কাজে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১০) ঠোঁট কাটা, ছানি পড়া, ক্যান্সার ও কুষ্ঠ রোগ নিরাময়ে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১১) এসিড আক্রান্তদের চিকিৎসা সেবায় নিয়োজিত ব্যক্তি ও প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১২) গরীব রোগীদের বিনামূল্যে চিকিৎসা সুবিধা প্রদান ও চিকিৎসার মান উন্নয়নের জন্য বিশেষায়িত হাসপাতাল যেমন- ক্যান্সার, লিভার, কিডনী, থ্যালাসেমিয়া, চক্ষু ও কার্ডিও এ প্রদত্ত অনুদান;

(১৩) পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রদত্ত অনুদান;

(১৪) কারিগরি বা বৃত্তিমূলক (technical or vocational) শিক্ষা প্রদানের লক্ষ্যে মেধাসম্পন্ন দরিদ্র ছাত্র-ছাত্রীসহ দরিদ্র মুক্তিযোদ্ধার সন্তানদের শিক্ষা বৃত্তি বা আর্থিক অনুদান প্রদানের উদ্দেশ্যে সরকার কর্তৃক স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১৫) কম্পিউটার বা তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানার্থে ল্যাব স্থাপন বা ইংরেজি শিক্ষা কর্মসূচী বাস্তবায়নে সরকারি বা এমপিওভুক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১৬) জনশক্তি রপ্তানির জন্য অদক্ষ ও আধা-দক্ষ শ্রমিককে কারিগরী বা বৃত্তিমূলক প্রশিক্ষণ (technical or vocational training) প্রদানকারী প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১৭) জাতীয় পর্যায়ে খেলাধূলার অবকাঠামো উন্নয়ন বা প্রশিক্ষণ প্রদানে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১৮) মুক্তিযুদ্ধের স্মৃতি রক্ষার্থে নির্মিত বা নির্মিতব্য জাতীয় পর্যায়ের জাদুঘরে প্রদত্ত অনুদান;

(১৯) জাতির জনকের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের কোন প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান; এবং

(২০) প্রধানমন্ত্রীর উচ্চ শিক্ষা ফান্ড এ প্রদত্ত অনুদান।

Bangladesh Tax Upd...
www.kdroy.com.bd/www.ltr.com...

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আমিনুর রহমান

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

## প্রজ্ঞাপন

তারিখ: ১৩ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২২৩-আইন/আয়কর/২০১২।—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২২৯-আইন/আয়কর/২০১১ এর তফসিল-খ নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

(ক) দফা (১৯) এর প্রান্তঃস্থিত "এবং" শব্দটি বিলুপ্ত হইবে; এবং

(খ) দফা (২০) বিলুপ্ত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দুইটি দফা (২১) ও (২২) সংযোজিত হইবে, যথা:-

"(২১) এইচআইভি, এইডস বা মাদকাসক্ত ব্যক্তিদের চিকিৎসা, সচেতনতা বৃদ্ধি ও পুনর্বাসন কেন্দ্র পরিচালনায় নিয়োজিত অলাভজনক বেসরকারি স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠান বা সংস্থায় প্রদত্ত অনুদান; এবং

(২২) বিদেশে পাচার হইতে উদ্ধারকৃত শিশু ও নারীদের পুনর্বাসন কেন্দ্র পরিচালনায় নিয়োজিত অলাভজনক বেসরকারি স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ মূলক প্রতিষ্ঠান বা সংস্থায় প্রদত্ত অনুদান।"।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
সৈয়দ মোঃ আমিনুল করিম
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

(গ) এর আয়ের উপর Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর ক্ষমতাবলে জারীকৃত প্রজ্ঞাপনের অধীন হ্রাসকৃত হারে করারোপিত হয়, তাহা হইলে হ্রাসকৃত হারে করারোপের মেয়াদকালীন সময়ে;

(ঘ) কোন স্টক এক্সচেঞ্জে publicly traded company হিসেবে তালিকাভুক্ত হয়; বা

(ঙ) পরিবেশ অধিদপ্তর কর্তৃক হালনাগাদ পরিবেশ ছাড়পত্র প্রাপ্ত শিল্প প্রতিষ্ঠান না হয়।

০৪। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

সৈয়দ মোঃ আমিনুল করিম

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)